

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৯৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمُسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

## আরবী

وَعَنْ عُثْمَانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ بَنَى لِلَّهِ مَسْجِدًا بَنَى اللَّهُ لَهُ بَيْتًا فِي الْجَنَّةِ»

### বাংলা

৬৯৭-[৯] 'উসমান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আল্লাহর উদ্দেশে একটি মাসজিদ নির্মাণ করবে, আল্লাহ তার জন্য জানাতে একটি ঘর নির্মাণ করবেন। (বুখারী ও মুসলিম)[1]

# ফুটনোট

[1] সহীহ: বুখারী ৪৫০, মুসলিম ৫৩৩, তিরমিয়ী ৩১৮, ইবনু মাজাহ্ ৭৩৬, দারেমী ১৪৩২, সহীহ ইবনু খুয়াইমাহ্ ১২৯১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: যারা মাসজিদ নির্মাণ করবে কেবলমাত্র আল্লাহর সম্ভুষ্টির উদ্দেশে, না লোক দেখানো ও শুনানোর উদ্দেশে। ইবনু জাওয়ী বলেনঃ যে ব্যক্তি মাসজিদ নির্মাণের সময় মসজিদের ফলকে তার নাম লিখবে সে ইখলাস তথা আল্লাহর সম্ভুষ্টি হতে অনেক দূরে। মাসজিদ চাই বড় হোক বা ছোট হোক। অন্য বর্ণনায় এসেছে কাতাত পাখির বাসার মতো ছোট হোক না। তবে এটা দ্বারা মুবালাগা উদ্দেশ্য।

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55254}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন